মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

বিষয়ঃ ১১-০৪-২০২১ তারিখ বেলা ১২.০০ ঘটিকায় অনুষ্ঠিত করোনা মোকাবেলা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা ,বিএন। |
| তারিখ | : ১১-০৪-২০২১ খ্রিঃ। |
| সময় | : ১২.০০ ঘটিকা। |
| স্থান | : মবক'র সভা কক্ষ। |

সভায় মবক'র সকল সদস্য, বিভাগীয় প্রধানগণ ও সিবিএর এর নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। দেশব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রার্দুভাব এবং ব্যাপক বিস্তার রোধকল্পে মবক এ কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণের বিষয়ে সরকারি নির্দেশনাসমূহ আলোচনা করা হয় এবং সিদ্ধান্তগুলো যথাযথ বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১. | সরকারি সকল আদেশ এবং প্রজ্ঞাপন যথাযথভাবে অনুরসরণ করতে হবে। | সকল বিভাগীয়/কোষ প্রধান |
| ২. | সর্বদা বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধানসহ অন্যান্য স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে। | সকল বিভাগীয়/কোষ প্রধান |
| ৩. | অপারেশনাল বিভাগ (যাঃওতঃ, নৌ, ট্রাফিক, হারবার ও মেডিকেল) ব্যতীত অন্যান্য বিভাগ ও অফিসসমূহকে সরকারি আদেশ অনুযায়ী ৫০ ভাগ জনবল দ্বারা দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে হবে। তবে গর্ভবতী/অসুস্থ/বয়স ৫৫ উর্ধ্ব কর্মকর্তা/কর্মচারীগণের ক্ষেত্রে বাড়িতে অবস্থান করে কর্মসম্পাদনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | সকল বিভাগীয়/কোষ প্রধান |
| ৪. | বিভাগীয়/উপ-বিভাগীয় প্রধানগণ বিভাগীয় রোস্টার অনুযায়ী অফিসে উপস্থিত থাকবেন। | সকল বিভাগীয়/কোষ প্রধান |
| ৫. | সকল অপারেশনাল এবং অফিস এলাকায় প্রত্যেক বিভাগ/কোষ কর্তৃক কর্মকর্তা/কর্মচারীদের সুস্থ্যতা বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে। একই সাথে প্রত্যেকে তার কর্মক্ষেত্রে অন্যান্যদের করোনা উপসর্গ দেখা দিলে/সন্দেহ হলে সরাসরি বিভাগীয়/কোষ প্রধানকে অবহিত করবে। | সকল বিভাগীয়/কোষ/শাখা প্রধান |
| ৬. | বন্দরের মেডিকেল হট লাইন নম্বর **০১৭০১৭৮১৩৭৮ এবং ০৪৬৬২৭৫৭৭৭।** যে কোন প্রয়োজনে উক্ত নম্বরে যোগাযোগ করতে হবে। পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত মেডিকেল বিভাগের একটি এ্যাম্বুলেন্স কে করোনা রোগী বহনের জন্য নির্দিষ্ট করতঃ প্রস্তুত রাখতে হবে। | প্রধান চিকিৎসা কর্মকর্তা |
| ৭. | মেডিকেল হটলাইন নম্বর/এ্যাম্বুলেন্স ড্রাইভারের নম্বর প্রিন্ট করতঃ সকল ভবনের সম্মুখে দৃশ্যমান স্থানে ঝুলিয়ে রাখতে হবে। | প্রধান চিকিৎসা কর্মকর্তা |
| ৮. | মোংলা এবং খুলনা এলাকায় সার্বক্ষনিক (২৪ ঘন্টা) মেডিকেল সেবা নিশ্চিত করতে হবে। | প্রধান চিকিৎসা কর্মকর্তা |
| ৯. | খুলনা মেডিকেল কলেজ, খুলনা ডায়বেটিক হাসপাতালসহ (কোভিড হাসপাতাল) সুবিধামত খুলনাস্থ অন্যান্য হাসপাতালে মবক'র করোনা রোগীদের জন্য চিকিৎসা সুবিধার নিমিত্তে প্রয়োজনীয় যোগাযোগ রাখতে হবে। | প্রধান চিকিৎসা কর্মকর্তা |
| ১০. | বন্দরের সকল মসজিদে ধর্ম মন্ত্রণালয় কর্তৃক গত ০৫/০৪/২০২১ তারিখে জারীকৃত বিজ্ঞপ্তি যথাযথভাবে অনুসরণ করতে হবে। | সকল মসজিদ কমিটি |
| ১১. | নিরাপত্তা বিভাগকে সরকারি প্রজ্ঞাপন/আদেশ ও অত্র বন্দরের নির্দেশনা মোতাবেক করোনা নিয়ন্ত্রনে কঠোর অবস্থান নিতে হবে/কোন ধরণের সমঝোতা করা যাবে না। একই সাথে কোন ব্যক্তির সাথে অসৌজন্যমূলক/অমানবিক ব্যবহার করা যাবে না। | প্রধান নিরাপত্তা কর্মকর্তা |
| ১২. | মবক'র সকল আবাসিক এলাকার গেটসমূহে চলাচল কঠোরভাবে নিয়ন্ত্রন করতে হবে। | প্রধান নিরাপত্তা কর্মকর্তা |
| ১৩. | মবক'র আবাসিক এলাকাসমূহে অপ্রয়োজনীয় ঘোরাফেরা/আড্ডা বন্ধ করতে হবে। | প্রধান নিরাপত্তা কর্মকর্তা |
| ১৪. | আবাসিক এলাকাসমূহে বহিরাগতদের আগমন কঠোরভাবে নিয়ন্ত্রন করতে হবে। এ বিষয়ে দিক-নির্দেশনা নিম্নরুপ ঃ<br>(ক) আত্নীয়বর্গ/পরিবারের সদস্য ঃ বন্দরের আবাসিক এলাকায় বসবাসরত কর্মকর্তা/কর্মচারীদের শুধুমাত্র পিতা/মাতা, শ্বশুড়/শ্বাশুড়ী, ভাই/বোন ব্যতীত অন্য কোন আত্নীয়কে করোনাকালীন সময়ে আবাসিক এলাকায় আগমনে বিরত/নিরুৎসাহিত করতে হবে। উল্লেখিত পারিবারিক সদস্য/আত্নীয়দের আবাসিক এলাকায় প্রবেশের পূর্বে যথাসময়ে নিরাপত্তা বিভাগে তাদের নাম প্রেরণপূর্বক অনুমোদন করাতে হবে। | সকল বিভাগীয়/কোষ প্রধান<br>প্রধান নিরাপত্তা কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| | (খ) গৃহ শিক্ষক/গৃহকর্মী ঃ কর্মকর্তা/কর্মচারীদের গৃহ শিক্ষক/গৃহ কর্মীদের তালিকা আবাসিক এলাকা ভিত্তিক গঠিত কমিটির মাধ্যমে নিরাপত্তা বিভাগে আগামী ১৩/০৪/২০২১ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | নিরাপত্তা বিভাগ সংশ্লিস্ট কমিটি |
| ১৫. | মবকতে সকল ধরণের জনসমাগম (সামাজিক/ রাজনৈতিক/ ধর্মীয়/ অন্যান্য অনুষ্ঠান) বন্ধ করতে হবে। মবক'র কর্মকর্তা ও কর্মচারীদের বিয়ে জন্মদিনসহ যে কোন সামাজিক অনুষ্ঠান উপলক্ষ্যে জনসমাগম করতে দেয়া যাবে না। | প্রধান নিরাপত্তা কর্মকর্তা |
| ১৬. | কোভিড আক্রান্ত ব্যক্তির বরাদ্দকৃত বাসা/বিল্ডিং যথাযথ নিয়মে কমিটির/সংশ্লিষ্ট সদস্যদের মাধ্যমে লক ডাউন করতে হবে। উক্ত কার্য আবাসিক এলাকার নির্ধারিত কমিটি প্রশাসন বিভাগ, নিরাপত্তা ও মেডিকেল প্রতিনিধির সমন্বয়ে সম্পন্ন করবে। | সংশ্লিষ্ট কমিটি |
| ১৭. | মবক'র কর্মকর্তা/কর্মচারীদের সকল প্রকার কর্মস্থল ত্যাগ (Station Leave) স্থগিত রাখতে হবে। তবে জরুরী প্রয়োজনে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ছুটিতে গমন করা যাবে। | সকল বিভাগীয়/কোষ প্রধান |
| ১৮. | ছুটি হতে আগমনের পর সর্বপ্রথম মেডিকেল ফরমালিটিস সম্পন্ন করতে হবে। পরবর্তীতে ০৭ দিনের কোয়ারেন্টাইনে থাকতে হবে। | প্রধান চিকিৎসা এবং নিরাপত্তা কর্মকর্তা |
| ১৯. | বন্দরের চলমান উন্নয়ন কাজের জন্য বন্দর এলাকায় শ্রমিক নিয়োজিত করার প্রয়োজনে (বিশেষ করে আবাসিক এলাকায় প্রবেশের ক্ষেত্রে) সংশ্লিষ্ট বিভাগের মনোনীত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত তালিকা যথাসময়ে নিরাপত্তা বিভাগে যথাযথ কার্য ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করতে হবে। | প্রধান নিরাপত্তা কর্মকর্তা |
| ২০. | মাধবী আবাসিক এলাকার ভিতরে অবস্থিত ০৬টি দোকানের প্রত্যেকটিতে সর্বোচ্চ ০২ জন কর্মী/বিক্রেতা অবস্থান করতে পারবে; তবে তারা সকালে নির্দিষ্ট সময়ে আগমন করবে ও সন্ধ্যায় নির্দিষ্ট সময়ের মধ্যে মাধবী আবাসিক এলাকা ত্যাগ করবে এবং মধ্যবর্তী সময়ে আবাসিক এলাকার বাহির/ভিতরে অন্য কোন জায়গায় গমন করতে পারবে না। দোকানের কর্মচারীদের তালিকা নিরাপত্তা বিভাগ কর্তৃক অনুমোদন করাতে হবে। | প্রধান নিরাপত্তা কর্মকর্তা |
| ২১. | খুলনা-মোংলা যাতায়াতকারী বাসে সমাজিক দুরত্ব বজায় রেখে গমনাগমন করতে হবে। | কমন সার্ভিস (প্রশাসন বিভাগ) |
| ২২. | খুলনা-মোংলা যাতায়াতকারী বাসে দুই সীটে একজন করে যাতায়াত করবে। প্রত্যেক বিভাগ থেকে সর্বোচ্চ দুইজন কর্মকর্তা-কর্মচারীকে অনুমোদন দেয়া যাবে। | সকল বিভাগীয়/কোষ প্রধান এবং কমন সার্ভিস(প্রশাসন বিভাগ) |
| ২৩. | এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। | সকল বিভাগীয়/কোষ প্রধান |

সভাপতি মহোদয় জানান যে, বন্দরকে নিরাপদ এবং বিপদমুক্ত রাখতে হবে এবং বন্দরে কর্মরত সকলকে নিরাপদ থাকার জন্য সর্বদা সৃষ্টিকর্তার নিকট প্রার্থনা করতে হবে। সভায় আর কোন আলোচ্য না থাকায় সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলার আহবান জানিয়ে সকলের সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/ ১২-০৪-২১
রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, বিএন
চেয়ারম্যান

নং- ১৮.১৪.০১৫৮.১২৪.১০.০২৫.২০-

এপ্রিল ২০২১ খ্রিঃ।

বিতরণ : বিভাগ/কোষ/শাখা প্রধান:

............................................................ মবক, মোংলা।

অনুলিপি:

১। সদস্য ( ), মবক, মোংলা।

২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা।

১৩/৪/২১
পরিচালক (প্রশাসন)